

দৈনিক তৃতীয় মাত্রা

বহুনিষ্ঠ সংবাদ প্রকাশে নতুন মাত্রা

সোমবার ২১ আগস্ট ২০২৩ | ০৬ শ্রাবণ ১৪৩০ | ০৪ সফর ১৪৪৪ | বর্ষ-০৫ | সংখ্যা-৬৩৬ | প্ৰতি নং ডিএ-৬৩৮৭ | ৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গলাচিপা, পটুয়াখালী
www.patuakhali.gov.bd

স্মারক নম্বর ০৫.১০.৭৮৫৭.০০১.০৮.০০৯.২৩-৫৫৭(১০০)

তারিখ : ১৬ আগস্ট, ২০২৩ খ্রি:

-:নিয়োগ বিজ্ঞপ্তি :-

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ০৪ মে, ২০১৫ খ্রি: তারিখের প্রজ্ঞাপন (এস, আর, ও নং ৮৯ আইন/২০২১৫) এবং ০৩ জুলাই, ২০১৭ খ্রি: তারিখের প্রজ্ঞাপন (এস, আর, ও নং ২৩২-আইন/২০১৭) মোতাবেক গলাচিপা উপজেলার ১১ (এগার) টি ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর ২৬ (ছাব্বিশ) টি শূন্য পদে সরাসরি লোকবল নিয়োগকল্পে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	ইউনিয়নের যে ওয়ার্ডে লোক নিয়োগ করা হবে
০১.	আমখোলা	০১(এক)টি	০৪ (চার) নম্বর ওয়ার্ড
০২.	গোদখালী	০৫ (পাঁচ)টি	০১, ০২, ০৬, ০৮ এবং ০৯ (এক), (দুই), (ছয়), (আট) এবং (নয়) নম্বর ওয়ার্ড
০৩.	গলাচিপা	০১(এক)টি	০৫ (পাঁচ) নম্বর ওয়ার্ড
০৪.	পানপট্টি	০৩ (তিন)টি	০৫, ০৬, ০৮ (পাঁচ), (ছয়) এবং আট নম্বর ওয়ার্ড
০৫.	রতনদি তালতলী	০২(দুই)টি	০১ ও ০৯ (এক) ও (নয়) নম্বর ওয়ার্ড
০৬.	ডাকুয়া	০৫(চার)টি	০২, ০৬, ০৮ ও ০৯ (দুই), (ছয়), (আট) এবং (নয়) নম্বর ওয়ার্ড
০৭.	কলাগাছিয়া	০১(এক)টি	০২ (দুই) নম্বর ওয়ার্ড
০৮.	গজালিয়া	০১(এক)টি	০৯ (নয়) নম্বর ওয়ার্ড
০৯.	বকুলবাড়িয়া	০১(এক)টি	০৯(নয়) নম্বর ওয়ার্ড
১০.	চরকাজল	০৩(তিন)টি	০১, ০৫ ও ০৭ (এক), (পাঁচ) এবং (সাত) নম্বর ওয়ার্ড
১১.	চরবিখাস	০৩(তিন)টি	০১, ০৫, ও ০৪ (এক), (তিন) ও (চার) নম্বর ওয়ার্ড

শিক্ষাগত যোগ্যতা :

কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

বয়স : ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর।

শারীরিক যোগ্যতা : (পুরুষ প্রার্থীর ক্ষেত্রে) : (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি; (মহিলা প্রার্থীর ক্ষেত্রে) : (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
বেতন ভাঙ্গাদি: সর্বসাকুল্যে (ইউনিয়ন পরিষদ + সরকারী অংশ) ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, সরকারি পোশাক ও তহসহ অন্যান্য সুবিধাদি।

দুই

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) ২০/০৯/২০২৩ তারিখে প্রার্থীর বয়স (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে; (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ সত্যায়িত ফটোকপি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৩ (তিন) কপি (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি (চ) উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- ১৫/০৯/২০২৩ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট প্রদানযোগ্য নেহে।
- আবেদনপত্র আগামী ২০/০৯/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে / সরাসরি পৌছাতে হবে।
- অসম্পূর্ণ, ভ্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্দাতী পতীস্বাক্ষর অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- স্বাক্ষরের উপর বড় অক্ষরে পদের নাম লিখতে হবে।
- আবেদনকারীকে যে ওয়ার্ডে লোক নিয়োগ করা হবে; সে ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সর্বশ্রেষ্ঠ ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে এবং পার্শ্ববর্তী ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ইউনিয়নের যেকোন ওয়ার্ড হতে লোক নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যাবে।
- মহল্লাদার পদে লোকবল নিয়োগ করার ক্ষেত্রে এ বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষাদের অধাধিকার সেয়া যেতে পারে।
- আবেদনপত্র/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগপত্র প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না। কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(মো. মহিউদ্দিন আল হেলাল)

উপজেলা নির্বাহী অফিসার

গলাচিপা, পটুয়াখালী।